সহায়ক আবাসন ভাড়াটে এর অধিকার বিজ্ঞপ্তি টেমপ্লেট

এই বিজ্ঞপ্তিটি সহায়ক আবাসন ভাড়াটেদের অধিকার সম্পর্কে সাধারণ তথ্য সরবরাহ করে। সহায়ক হাউজিং সরবরাহকারীদের অবশ্যই নিম্নলিখিত ক্ষেত্রে সম্ভাব্য এবং স্থায়ী ভাড়াটেদের এই বিজ্ঞপ্তিটি সরবরাহ করতে হবে:

- সাক্ষাৎকারের সময়
- একটি ইউনিটে প্রথম বসবাস শুরু করার সময়
- প্রতিটি লিজ বা প্রকল্প চুক্তিপত্র পুনর্নবীকরণের সময়
- অনুরোধসাপেক্ষে

সহায়ক আবাসন সরবরাহকারীদের অবশ্যই ভাড়াটেদের যাদের পড়তে অসুবিধা হয় তাদেরকে এই বিজ্ঞপ্তিটি পড়ে শোনাতে হবে এবং যদি তাদের পছন্দসই পঠন ভাষা অন্তর্ভুক্ত করা হয় তবে নীচে তালিকাভুক্ত ভাষাগুলির মধ্যে একটিতে ভাড়াটেদের এই বিজ্ঞপ্তিটি সরবরাহ করতে হবে। যদি এই বিজ্ঞপ্তিটি ভাড়াটের পছন্দসই ভাষায় অনুবাদ না করা হয় তবে সহায়ক আবাসন সরবরাহকারীদের অবশ্যই ভাড়াটেদের অনুবাদ পরিষেবার অনুরোধ গ্রহণ করতে হবে। এই বিজ্ঞপ্তিটি নিম্নলিখিত ভাষাগুলোতে উপলব্ধ: স্প্যানিশ, চাইনিজ, রাশিয়ান, বাংলা, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, ইতালীয়, আরবি, উর্দু, ফরাসী ও পোলিশ। এই ভাষাগুলোতে এই বিজ্ঞপ্তিটি পড়তে, nyc.gov/health ভিজিট করুন এবং "supportive housing" **(সহায়ক আবাসন)** লিখে অনুসন্ধান করুন।

ভাড়াটেদের অধিকার

এই বিজ্ঞপ্তিটি একটি সহায়ক আবাসন ভাড়াটে হিসাবে আপনার অধিকারের একটি সাধারণ সারসংক্ষেপ এবং এটি আইনী পরামর্শ নয়। এটি আইন দ্বারা স্বীকৃত নয় এমন নতুন অধিকার প্রদান করে না। যে কোনো আবাসন-সম্পর্কিত সমস্যার বিস্তারিত লিখিত রেকর্ড রাখার জন্য সবাইকে দৃঢ়ভাবে অনুরোধ করা হচ্ছে। আপনার আরো নির্দিষ্ট তথ্য প্রয়োজন হলে **311** এ ফোন করুন ও ভাড়াটে হেল্প লাইনের সাথে কথা বলার অনুরোধ করুন।

একজন সহায়ক আবাসন ভাড়াটে হিসাবে, আপনার যে অধিকারগুলো আছে তা হল:

1. পোকামাকড়, ছিদ্র, মোল্ড এবং নষ্ট ফিক্সচারের মত ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক অবস্থা থেকে মুক্ত হয়ে বাস করা। তাপ, গরম পানি, বিদ্যুৎ ও গ্যাসের মত প্রয়োজনগুলোর উপর আপনার অধিকার আছে।
    a. একটি মেরামতি অনুরোধ জানাতে, নিচের "ভবন সংক্রান্ত তথ্যে" দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে আপনার ভবনের মেরামত টিমকে অথবা আপনার সহায়ক আবাসন প্রদানকারীকে ফোন করুন।
    b. মেরামত করা হয়নি এমন যে কোনো চলমান সমস্যার কথা রিপোর্ট করতে এবং আপনার বাড়িতে NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন দপ্তরের (Department of Housing Preservation and Development, HPD) দ্বারা একটি পরিদর্শন করাতে **311** এ ফোন করুন।

c. সম্পত্তির মালিক বা হাউজিং সরবরাহকারীকে অবশ্যই তালিকাভুক্তি, লিজ পুনর্নবীকরণের সময় এবং যখন আপডেট করা হয় তখন তাদের অভিযোগ পদ্ধতিগুলোর একটি অনুলিপি সরবরাহ করতে হবে যাতে আপনি আপনার ইউনিটে কোনো সমস্যার হলে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হবে তা জানেন।

2. আপনার সম্পত্তির মালিক, সম্পত্তি ব্যবস্থাপক বা সহায়ক হাউজিং সরবরাহকারীর বিরুদ্ধে NYC এর হাউজিং রক্ষণাবেক্ষণ কোডের লঙ্ঘনগুলো সংশোধন করার জন্য একটি আদালতে মামলা দায়ের করা, যার মধ্যে রয়েছে হয়রানি। আরো তথ্যের জন্য, **311** এ ফোন করুন এবং ভাড়াটে হেল্প লাইনের সাথে কথা বলার অনুরোধ করুন, বা আপনার বরোর আবাসন আদালতে যান।
   a. যদি আপনার সম্পত্তির মালিক আপনার ঘরে তালা দিয়ে দেয় বা আপনাকে আবাসন থেকে বের করে দেওয়ার চেষ্টা করে, তাহলে একটি অবৈধ লকআউট রিপোর্ট করতে সাথে সাথে **911** এ ফোন করুন। তারপর, **311** এ ফোন করুন ও ভাড়াটে হেল্প লাইনের সাথে কথা বলতে চান।

3. আপনাকে উচ্ছেদ করার আগে একটি আদালতের কার্যক্রম পাওয়া
   a. NYC-এর রাইট-টু-কাউন্সেল আইনের অধীনে আপনি আপনার জিপ কোড বা ইমিগ্রেশন স্ট্যাটাস নির্বিশেষে বিনামূল্যে **উচ্ছেদ প্রতিরক্ষা আইনি পরিষেবাগুলি** পেতে পারেন। একজন বিনামূল্যের আইনজীবীর সাথে সংযুক্ত হতে, আপনি:
      i. **311** এ ফোন করে ভাড়াটে হেল্প লাইনের সাথে কথা বলতে চাইতে পারেন।
      ii. 718-557-1379 নম্বরে আবাসন আদালত জবাব হটলাইনে ফোন করতে পারেন।
      iii. আপনার প্রথম আদালতে উপস্থিত হওয়ার সময় বিনামূল্যের আইনী সহায়তার অনুরোধ করতে পারেন।
   b. **একজন বিচারকের নির্দেশ ব্যতীত আপনাকে কেউ উচ্ছেদ করতে পারবে না।** আপনাকে আইনানুগভাবে উচ্ছেদ করার আগে আপনাকে অবশ্যই একটি সিটি মার্শাল বা সিটি শেরিফের অফিস থেকে একটি বিজ্ঞপ্তিও পেতে হবে।
   c. যে ব্যক্তি বা সত্তা আপনাকে উচ্ছেদ করার চেষ্টা করছে তাকে অবশ্যই একটি পিটিশন দাখিল করতে হবে যা Real Property Actions and Proceedings Law, Section 741 (রিয়েল প্রোপার্টি সম্পর্কিত কার্যাবলী ও কার্যপদ্ধতি আইন, ধারা 741) এ বর্ণিত নির্দিষ্ট তথ্য ধারণ করে। এই পিটিশন সম্পর্কে আরো তথ্য পেতে, আপনি:
      i. **311** এ ফোন করে ভাড়াটে হেল্প লাইনের সাথে কথা বলতে চাইতে পারেন।
      ii. 718-557-1379 নম্বরে আবাসন আদালত জবাব হটলাইনে ফোন করতে পারেন।

4. একটি শারীরিক, মানসিক স্বাস্থ্য বা আচরণগত অক্ষমতার সাথে সামঞ্জস্য করার জন্য এবং আপনার আবাসনে যে কোনো বৈষম্য থেকে সুরক্ষিত হওয়ার জন্য আপনার আবাসন, পরিষেবা বা উভয়েই যুক্তিসঙ্গত সুবিধার জন্য অনুরোধ করা

a. অক্ষমতার জন্য একটি যুক্তিসঙ্গত সুবিধার অনুরোধ করতে, নিচে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে আপনার সহায়ক আবাসন সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।
b. যদি আপনার মনে হয় যে আপনার অধিকার লঙ্ঘিত হয়েছে, তাহলে NYC মানবাধিকার কমিশনকে 212-416-0197 নম্বরে ফোন করুন।

5. ভাড়ার রসিদসমূহ পাওয়া এবং ভাড়া প্রদান এবং ভাড়া বকেয়ার একটি বর্তমান লেজারের জন্য অনুরোধ করা, সেইসাথে বার্ষিক আয় পুনঃপ্রত্যয়, লিজ এবং বসবাসের চুক্তিসমূহের অনুলিপি পাওয়া। এই তথ্যের জন্য অনুরোধ করতে, নিচে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে আপনার সহায়ক আবাসন সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

6. পরিবারের সাথে বসবাস করুন, আপনার পরিবারকে প্রসারিত করুন এবং কিছু পরিস্থিতিতে রুমমেটদের সাথে বসবাস করুন। আপনি যদি আপনার পরিবারে অন্যদের (যেমন অপ্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্ক শিশু, একজন পত্নী বা গার্হস্থ্য অংশীদার) যোগ করতে চান তবে আপনার সামাজিক পরিষেবা সরবরাহকারীকে অবহিত করুন। আপনার সরবরাহকারী অতিরিক্ত বসবাসকারীদের জন্য আবাসনটি উপযুক্ত বা আইনত অনুমোদিত কিনা তা নির্ধারণ সহ আপনার আবাসনে থাকতে পারে এমন কোনো আয়ের যোগ্যতার সীমাবদ্ধতা, যেমনটি নিম্ন-আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট (Low-Income Housing Tax Credit, LIHTC) ভবনগুলিতে আরোপিত হয়; এবং কীভাবে ভাড়া গণনা এবং লিজ বা সাবলিজ পরিবর্তন হতে পারে তা সহ পরিবারের অন্যদের যোগ করার প্রভাবগুলো নিয়ে আলোচনা করবেন।

7. হয়রানি, প্রতিশোধ বা শাস্তি ছাড়াই ভাড়াটেদের অধিকার এবং সুরক্ষার পক্ষে সমর্থন করার জন্য ভাড়াটেদের সমিতির মতো একটি গোষ্ঠীতে যোগ দেওয়া বা গঠন করা। আপনি স্থানটি ব্যবহার করার জন্য কোনো ফি প্রদান না করেই আপনার বিল্ডিংয়ের সাধারণ এলাকায় এই সভাগুলি করতে পারেন। সহায়ক আবাসন প্রদানকারীকে আগে থেকে বিজ্ঞপ্তি দিয়ে রাখতে হবে।

নিচের তথ্যগুলো সহায়ক আবাসন প্রদানকারী পূরণ করবেন।

সহায়ক আবাসন প্রদানকারীর তথ্য		
সহায়ক আবাসন প্রদানকারীর নাম:	ফোন:	ইমেইল:
যে এজেন্সি উপরোক্ত সহায়ক আবাসন প্রদানকারীর পক্ষে চুক্তিপত্র সংরক্ষণ করে (প্রযোজ্য সবগুলিতে টিক দিন): □ NYC সামাজিক পরিষেবা দপ্তর / জনসম্পদ প্রশাসন □ NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন দপ্তর □ NYC এর স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর		

এই এজেন্সির বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করতে, **311** এ কল করুন। □ অন্যান্য: _____ একটি অভিযোগ দাখিল করতে, যোগাযোগ করুন:		
উপলব্ধ সহায়ক পরিষেবাসমূহ:		
পরিষেবা পাওয়া বা পরিবর্তন করার নীতিমালা ও কার্যপদ্ধতি পেতে যোগাযোগ করুন:	ফোন:	ইমেইল:
প্রদানকারীর তহবিল উৎসগুলোর (সমস্ত তহবিল উৎসগুলোতে প্রযোজ্য প্রধান প্রবিধানগুলির একটি তালিকাসহ) একটি অনুলিপি অনুরোধ করতে; উচ্ছেদ এবং অভিযোগ নীতিমালাসমূহ (প্রদানকারীর প্রতিক্রিয়া জানানোর জন্য প্রক্রিয়া এবং সময়রেখা সহ); অথবা ভাড়া বকেয়া বা আর্থিক ব্যবস্থাপনা সহায়তা পেতে সহায়তা সম্পর্কে তথ্য পেতে, যোগাযোগ করুন:		
নাম:	ফোন:	ইমেইল:
নাম:	ফোন:	ইমেইল:
নাম:	ফোন:	ইমেইল:
সামাজিক পরিষেবা বা কেস ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যা আলোচনা করতে, যোগাযোগ করুন:		
নাম:	ফোন:	ইমেইল:
নাম:	ফোন:	ইমেইল:
নাম:	ফোন:	ইমেইল:

ভবন সম্পর্কিত তথ্য		
ঠিকানা, (ইউনিট নম্বরসহ, যদি প্রযোজ্য হয়)		
সম্পত্তির মালিক:	ফোন:	ইমেইল:

সম্পত্তির ব্যবস্থাপক:	ফোন:	ইমেইল:
মেরামতি বা রক্ষণাবেক্ষণের অনুরোধ জানাতে, যোগাযোগ করুন:		
নাম:	ফোন:	ইমেইল:
অন্যান্য তথ্য		
মোট মাসিক ভাড়া:		
ভাড়ায় প্রদানকারীর অংশ:		
ভাড়ায় ভাড়াটের অংশ:		
এই ইউনিটের ভাড়া কি স্থিতিশীল?	□ হ্যাঁ	□ না
	□ অজানা	
একটি ইউনিটের ভাড়ার ইতিহাস পাওয়ার অনুরোধ করতে, নিউ ইয়র্ক স্টেটের আবাসন ও কম্যুনিটি পুনর্নবীকরণের সাথে যোগাযোগ করুন এখানে: উপরের সহায়ক আবাসন প্রদানকারী আপনাকে একটি ইউনিটের ভাড়ার ইতিহাস পেতে সহায়তা প্রদান করবেন।	ফোন:	ইমেইল:
এই ইউনিটটি এমন একটি ভবনে যা ট্যাক্স মওকুফ বা হ্রাস প্রাপ্ত হয়?	□ হ্যাঁ শুরুর তারিখ: শেষের তারিখ:	□ না
এই ইউনিটটি কি একটি বহনযোগ্য ভর্তুকির মাধ্যমে ভর্তুকিপ্রাপ্ত?	□ হ্যাঁ একটি স্থানান্তর পাওয়ার প্রক্রিয়া সম্পর্কে আরো জানার জন্য যোগাযোগ করুন:	□ না

নিচে সাক্ষর করার মাধ্যমে, আপনি স্বীকার করছেন যে আপনি পরিদর্শন করেছেন এমন একটি অ্যাপার্টমেন্টে ওঠার জন্য বা আপনি বাস করেন এমন একটি অ্যাপার্টমেন্টের জন্য সহায়ক আবাসন প্রদানকারীর কাছ থেকে এই বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি পেয়েছেন।

ভাড়াটে বা সম্ভাব্য ভাড়াটের নাম:	
স্বাক্ষর:	
তারিখ:	

সহায়ক আবাসন প্রদানকারীকে অবশ্যই সম্ভাব্য এবং স্থায়ী ভাড়াটেদের এই বিজ্ঞপ্তির একটি প্রতিলিপি দিতে হবে।

সহায়ক আবাসন প্রদানকারীর কাছে সেই ব্যক্তির ফাইলে একটি সাক্ষরিত প্রতিলিপি থাকবে।

12.24 Bengali